



(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো-২য় পর্যায়
পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫



মুজিব বর্ষে বিআরডিবি'র অশীকার
স্বনির্ভর সমৃদ্ধ পল্লী গড়ার

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬১.০০.০০৭.২১.০৪২

তারিখঃ ২৭/১০/২১ খ্রিঃ


বিষয়ঃ বিআরডিবি কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো)-২য় পর্যায় শীর্ষক প্রকল্পের কর্মএলাকা ইউনিয়ন ও হাইস্কুল নির্বাচন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো)-২য় পর্যায়” শীর্ষক প্রকল্পটির কার্যক্রম ১৭ টি জেলার ৫৯ টি উপজেলার ৪৭২টি ইউনিয়ন এবং ১১৮টি হাইস্কুলে বাস্তবায়িত হবে। সে প্রেক্ষিতে উপজেলা প্রতি গড়ে ০৮টি ইউনিয়ন এবং ০২টি হাইস্কুল নির্বাচন করার প্রয়োজন হবে। উপজেলা প্রতি কর্ম ইউনিয়ন ও হাইস্কুল নির্বাচনের লক্ষ্যে অনুমোদিত ডিপিপি এবং মাঠ প্রশাসন সংযোগ অধিশাখা, মন্ত্রীপরিষদ বিভাগের সম্মতিতে উপজেলা নির্বাহী কর্মকর্তা’র সভাপতিত্বে ০৫ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে (সংযুক্তি-১)। গঠিত কমিটির মাধ্যমে প্রকল্পের কর্ম ইউনিয়ন ও হাইস্কুল নির্বাচনের জন্য মাপকাঠি নিম্নে প্রদান করা হলোঃ

- ক) প্রকল্পের কর্ম এলাকা নির্বাচনের ক্ষেত্রে সদর উপজেলার নিকটবর্তী ইউনিয়নকে বাদ দিয়ে প্রত্যন্ত অঞ্চলের ইউনিয়নসমূহ অন্তর্ভুক্ত করতে হবে। এছাড়া ইউনিয়ন নির্বাচনের ক্ষেত্রে গ্রামের যে সকল নারীরা অপেক্ষাকৃত দরিদ্র বিশেষ করে পশ্চাৎপদ, শিক্ষার অপ্রতুলতা রয়েছে, নিয়মিত কাজের অভাব বা জীবিকার অনিশ্চয়তা রয়েছে, জলাবদ্ধতা বা অন্য কোন প্রাকৃতিক কারণে বিপর্যস্ত বা অঞ্চল ভিত্তিতে/কারণ বা বৈশিষ্ট্যের বিষয়টি বিবেচনায় নিতে হবে।
- খ) যে সকল এলাকায় দারিদ্রের হার ও বাল্য বিবাহের প্রবনতা বেশি, অনগ্রসর এবং সামাজিক ও অর্থনৈতিকভাবে পিছিয়ে আছে ঐ সকল এলাকার মধ্য হতে ২টি হাই স্কুল নির্বাচন করতে হবে। তবে শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচনের ক্ষেত্রে উপজেলা কেন্দ্রের ২.৫ কিলোমিটারের মধ্যে থাকা সকল হাইস্কুল বাদ দিতে হবে অর্থাৎ উপজেলা কেন্দ্রের ন্যূনতম ২.৫ কিলোমিটার দূরবর্তী শিক্ষা প্রতিষ্ঠান (হাইস্কুল) নির্বাচন করতে হবে। এছাড়া ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণীতে অধ্যয়নরত ছাত্রীদের মোট সংখ্যা ১০০ জনের অধিক হতে হবে।

এমতাবস্থায়, দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো)-২য় পর্যায় শীর্ষক প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নের স্বার্থে প্রাথমিকভাবে উপরোক্ত মাপকাঠি অনুযায়ী বর্ণিত কমিটির মাধ্যমে ইউনিয়ন এবং ০২টি হাইস্কুল নির্বাচনপূর্বক প্রকল্প সদর দপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য ১ম পর্যায়ে বাস্তবায়িত উপজেলাসমূহের ক্ষেত্রে কার্যক্রম চলমান ইউনিয়নসমূহের বাহিরে নতুন ইউনিয়ন অন্তর্ভুক্তির ক্ষেত্রে উপরোক্ত নির্দেশনা অনুসরণ করতে হবে। এছাড়া যে সকল উপজেলায় ইউনিয়নের সংখ্যা ১০টির অধিক সে সকল উপজেলায় ৮টির বেশি ইউনিয়ন নির্বাচনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

সংযুক্তিঃ বর্ণনামতে।


মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

বিআরডিবি

উপজেলা:, জেলা:

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. উপজেলা নির্বাহী কর্মকর্তা, উপজেলা:....., জেলা:.....।
২. উপপরিচালক, বিআরডিবি, জেলা:
৩. উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (বিআরডিবি'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৪. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৫. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৬. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলা:, জেলা:
৭. পরিচালক (সরেজমিন) এর একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৮. অফিস নথি।